



## ওমান সাগরে তেলবাহী জাহাজ জব্দ করল ইরান



সংগৃহীত ছবি

ওমান সাগরে ‘ওশান কই’ নামের একটি তেলবাহী জাহাজ আটক করেছে ইরানের নৌবাহিনী। তেহরানের দাবি, দেশটির তেল রপ্তানি ব্যাহত করার চেষ্টায় জড়িত থাকায় জাহাজটির বিরুদ্ধে অভিযান চালানো হয়েছে।

গুত্রবার ফারস নিউজ এজেন্সির প্রতিবেদনে বলা হয়, অভিযানে ইরানি নৌবাহিনীর রেঞ্জার ও মেরিন সদস্যরা অংশ নেন। পরে জাহাজটিকে ইরানের দক্ষিণ উপকূলের দিকে নিয়ে যাওয়া হয়।

তবে জাহাজটির মালিকানা, কোন দেশের পতাকাবাহী কিংবা এতে থাকা ক্রুদের পরিচয় এখনো প্রকাশ করেনি ইরান। একই সঙ্গে কীভাবে ইরানের তেল রপ্তানিতে বাধা দেওয়া হচ্ছিল, সে বিষয়েও বিস্তারিত ব্যাখ্যা দেয়নি তেহরান।

ইরান ও যুক্তরাষ্ট্রের চলমান উত্তেজনা এবং হরমুজ প্রণালি ঘিরে সামরিক চাপের মধ্যেই এ ঘটনা সামনে এলো।

LENS ASIA